

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৯৫

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "তারপর তাতে পানি ছিটা দিবে" এর দ্বারা উদ্দেশ্য হলো আশেপাশে পানি ছিটা দিবে; এটা উদ্দেশ্য নয় যে, হায়েযের রক্ত ধৌত করা অংশে পানি ছিটা দিবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (ثُمَّ لِتَنْضَحْهُ) أَرَادَ بِهِ: أَنْ تَنْضَحَ مَا حَوْلَهُ لَا نَفْسَ الْمَوْضِعِ الْمَغْسُولِ مِنْ دم الحيض

## আরবী

1395 \_ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةً عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ فَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ: أَنَّ امْرَأَةً قَالَتْ: يَا هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ فَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ: أَنَّ امْرَأَةً قَالَتْ: يَا رَسُولِ اللَّهِ مَا أَصْنَعُ بِمَا أَصَابَ ثَوْبِي مِنْ دَمِ الْحَيْضِ؟ قَالَ: (حُتِّيه ثُمَّ اقرصيه بالماء وانضحي ما حوله)

الراوي: أُسْمَاء | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1395 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৩৯৫. আসমা বিনতু আবী বকর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "একজন নারী বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি ঐ কাপড় কিভাবে পবিত্র করবো, যাতে হায়েযের রক্ত লেগে যায়?" রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বলেন, "তুমি রক্ত খুঁচিয়ে তুলে ফেলবে, তারপর কাপড়িটি পানি দিয়ে ঘষবে এবং তার আশেপাশে পানি ছিটা দিবে।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/২২; তিরমিয়ী: ১৩৮; সুনান বাইহাকী: ১/১৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/৭৯; সহীহ আল বুখারী: ৩০৭; সহীহ মুসলিম: ২৯১; আবূ দাউদ: ৩৬১; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৯০; তাবারানী: ২৪/২৮৬; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৭৫; আত তায়ালিসী: ১/৪২; মুসান্নাফ আব্দুর রায্যাক: ১২২৩; মুসান্নাফ ইবনু আবী



শায়বাহ: ১/৯৫; মুসনাদ আহমাদ: ৬/৩৪৫; নাসাঈ: ১/১৫৫; ইবনু মাজাহ: ৬২৯; আবূ আওয়ানা: ১/২০৬; দারেমী: ১/১৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৩৮৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু আবূ বাকর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন